ভোরের কাগজ

তারিখ ঃ 3 1 MAY 2003
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ...

# প্রাথমিক শিক্ষক নিয়োগে অনিয়মও দুর্নীতির অভিযোগ অস্বীকার করেছে রাঙ্গামাটি জেলা পরিষদ

রাঙ্গামাটি প্রতিনিধি : রাঙ্গামাটিতে প্রাথমিক শিক্ষা বিভাগে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার ব্যাপারে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমতিরি আপত্তি ও অভিযোগ সম্পর্কে সতর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করেছে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ। প্রতিক্রিয়ায় শিক্ষক নিয়োগে অনিয়ম-দুর্নীতি সম্পর্কিত জনসংহতি সমিতির অভিযোগ প্রত্যাখ্যান করা হয়েছে। তবে নিয়োগ প্রক্রিয়ায় পার্বত্য চুক্তি ও আইন লংঘিত হয়েছে মর্মে সমিতির পক্ষ থেকে তীব্র আপত্তি জানিয়ে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি প্রদানের বিষয়ে জেলা পরিষদ কোনো মন্তব্য করেনি।

জেলায় শিক্ষক নিয়োগ প্রক্রিয়া স্থগিতের দাবিতে গত ২৭ মঙ্গলবার পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করে এবং প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পাঠায়। বিভিন্ন পত্রিকায় এ সংক্রান্ত সংবাদ প্রকাশিত হওয়ার পর গত বৃহস্পতিবার রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এ সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করে। প্রতিক্রিয়ায় শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ সম্পর্কে প্রতিবাদ জানানো হলেও শিক্ষক নিয়োগের প্রক্রিয়াকে পার্বত্য চুক্তি ও পার্বত্য জেলা পরিষদ আইনের পরিপন্থী বলে সমিতি যে তীব্র আপত্তি জানিয়েছে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ সে সম্পর্কে সম্পূর্ণ নীরবতা পালন করে।

শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার আইনগত বৈধতার প্রশ্নে তিন পার্বত্য জেলায় পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির আন্দোলন সত্ত্বেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীরবতায় সচেতন মহলে বিস্ময় দেখা দিয়েছে।